

তারিখ: ১২.১২.২০১৬

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলায় ইউপি চেয়ারম্যান ও তার সহযোগীদের কর্তৃক বেআইনী ফতোয়ার মাধ্যমে অনৈতিক কাজের মিথ্যা অপবাদ দিয়ে তরুণীকে শারীরিক নির্যাতন ও শ্লীলতাহানী করলে ক্ষোভে অপমানে উক্ত ছাত্রীর আত্মহত্যার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ১২.১২.২০১৬ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার সোনাবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান ও তার সহযোগীদের কর্তৃক বেআইনী ফতোয়ার মাধ্যমে অনৈতিক কাজের মিথ্যা অপবাদ দিয়ে তরুণীকে শারীরিক নির্যাতন ও শ্লীলতাহানী করলে ক্ষোভে অপমানে উক্ত তরুণীর আত্মহত্যার ঘটনা ঘটেছে। জানা যায়, গত ০৯.১২.১৬ তারিখ ঘটনার শিকার তরুণী সোনাবাড়িয়া বাজারের একটি দোকানে মুঠোফোন রিচার্জ করতে গেলে উল্লিখিত ইউপি চেয়ারম্যান মনিরুল ইসলাম এবং তার লোকজন এক তরুণীর সাথে উক্ত তরুণীকে দড়ি দিয়ে বেধে ইউপি কার্যালয়ে নিয়ে যায় এবং সেখানে ঘটনার শিকার তরুণীকে চেয়ারম্যান মনিরুল চৌকিদার ইসমাইল ও জয়দেব দাশসহ অনেকের সামনে মারধোর করে তার কাপড় খুলে শ্লীলতাহানী করে। এসময় চৌকিদার জয়দেব দাস দৃশ্যটি মোবাইলে ধারণ করে তা ফেসবুকে ছড়িয়ে দেয়। এ ঘটনায় ক্ষোভে অপমানে ঘটনার শিকার তরুণী গত ১০.১২.১৬ তারিখ আত্মহত্যা করে।

বাংলাদেশ মহিলা পরিষদ ইউপি চেয়ারম্যান ও তার সহযোগীদের কর্তৃক বেআইনী ফতোয়ার মাধ্যমে অনৈতিক কাজের মিথ্যা অপবাদ দিয়ে তরুণীকে শারীরিক নির্যাতন ও শ্লীলতাহানী করলে ক্ষোভে অপমানে উক্ত তরুণীর আত্মহত্যার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। ঘটনায় জড়িতদের বিরুদ্ধে সুষ্ঠু নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে। বেআইনী ফতোয়ার মাধ্যমে বিচার বহির্ভূত শাস্তি বন্ধে মহামান্য সুপ্রীমকোর্টের রায়ের বাস্তবায়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রশাসনের দৃষ্টিআকর্ষণ করছে। সেইসাথে দেশব্যাপী বেআইনী ফতোয়ার বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ